

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯০৯

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাকার মর্যাদা

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الصَّدَقَةَ لَتُطْفِئُ غَضبَ الرَّبِّ وَتَدْفَعُ مِيتَةَ السَّوْءِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ

বাংলা

১৯০৯-[২২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অবশ্য অবশ্য সদাকাহ্ (সাদাকা) আল্লাহ তা'আলার ক্রোধকে ঠান্ডা করে, আর খারাপ মৃত্যুর হাত থেকে রক্ষা করে। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আত্ তিরমিয়া ৬৬৪, ইবনু হিব্বান ৩৩০৯, ইরওয়া ৮৮৫, য'ঈফ আত্ তারগীব ৫১৩, য'ঈফ আল জামি' আস্ সগীর ১৪৮৯। কারণ হাসান হিত্ত সূত্রে বর্ণনা করায় একজন মুদ্দালিস রাবী দ্বিতীয়ত 'আবদুল্লাহ ইবনু 'ঈসা আল খায্যার একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি আল্লাহর অবাধ্য হয় সে যদি দান করে তাহলে তার দান তার প্রতি আল্লাহর যে রাগ ছিল তা প্রশমিত করে বা মিটিয়ে দেয়। তাছাড়া আল্লাহর রাস্তায় দান মন্দ/খারাপ মৃত্যু রোধ করে। মন্দ মৃত্যু বলতে কয়েক ধরনের মৃত্যু হতে পারে। যেমন- (এক) মৃত্যুর সময় খারাপ অবস্থার সৃষ্টি হওয়া, যা ঐ ব্যক্তিকে মৃত্যু যন্ত্রণার কারণে আল্লাহ প্রদন্ত নি'আমাতের অস্বীকার ও আল্লাহর স্মরণ থেকে গাফিল করে দেয়; (দুই) হঠাৎ মৃত্যু; (তিন) এমন সকল মৃত্যু যা ব্যক্তিকে আল্লাহর থেকে দূরে সরিয়ে খারাপ সমাপ্তির দিকে নিয়ে যায়।

কেউ কেউ বলেন, দানকারী ব্যক্তিকে মৃত্যুকালীন ফিতনাহ্ থেকে রক্ষা করবে অথবা দান-এর কারণে দানকারী মৃত্যুর পূর্বে তাওবাহ্ করার সুযোগ পাবে, যদিও সে গুনাহের উপর দৃঢ় সংকল্পকৃত ও অবাধ্য হোক না কেন।



অথবা সে যে কোন ধরনের ধ্বংস, যেমন- পানিতে ডোবা কিংবা আগুনে পোড়া হতে নিরাপদ থেকে মৃত্যুবরণ করবে। হাফিয ইরাক্বী বলেন, এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে ঐ ধরনের মৃত্যু যা থেকে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর নিকট আশ্রয় চেয়েছেন। যেমন- পানিতে ডুবে, আগুনে পুড়ে, গর্তে পরে মারা যাওয়া কিংবা যে কোনভাবে ধ্বংস হওয়া। অথবা মৃত্যুর সময়ে শায়ত্বনের (শয়তানের) প্রভাবে মোহাবিষ্ট হওয়া, কিংবা আল্লাহর রাস্তায় যুদ্ধ থেকে পলায়নরত অবস্থায় মৃত্যুবরণ করা ইত্যাদি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন